দৈনিক ইনকিলাব

তারিখ ... ... SEP 0৯ 1999 ...
পৃষ্ঠা .. ৬ .. কলাম ... ... ২ ...

134

# ঢাঃ বিঃ-তে ছাত্র লীগের কোন্দলে ছাত্র লীগ কর্মী প্রহৃত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুজিববাদী ছাত্র লীগের অন্তঃ কোন্দলের জের হিসেবে গত ৭ সেপ্টেম্বর (মঙ্গলবার) রাতে জিয়া হলের ছাত্র লীগ কর্মী সুমন প্রতিপক্ষের ক্যাডারদের হাতে প্রহৃত হয়েছে। গত মঙ্গলবার রাত ১টার দিকে হিসাব বিজ্ঞান ২য় বর্ষের ছাত্র ছাত্র লীগ কর্মী সুমনের সাথে ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষের ছাত্র রিজভী গ্রুপের ক্যাডার জয়নাল আবেদীন লিটনের রাজনৈতিক প্রভাব বিস্তারকে কেন্দ্র করে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে রিজভী গ্রুপের ক্যাডার জিয়া হলের ২০১ নং রুমের আবাসিক ছাত্র লিটনের নেতৃত্বে হিমু, ফিরোজ, রকি ও প্রিন্সসহ ৭/৮ জন ছাত্র লীগ কর্মী সুমনকে ৪২১ নং রুমের সামনে গিয়ে রাইফেলের বাঁট দিয়ে তার মাথায় উপর্যুপরি আঘাত করে। পরে তাকে মারাত্মক আহতাবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সুমন জিয়া হলের ৪২৮ নম্বর রুমের আবাসিক ছাত্র। সম্প্রতি জিয়া হলে ছাত্র লীগের অন্তঃ কোন্দল চরম আকার ধারণ করেছে। গত সোমবার রাতেও ছাত্র লীগ কর্মী সাইফুল প্রতিপক্ষের ছুরিকাঘাতে মারাত্মক আহত হয়েছিল। বর্তমানে জিয়া হলে ছাত্র লীগের হেমায়েত জুয়েল গ্রুপ, রিজভী গ্রুপসহ পরস্পরবিরোধী কয়েকটি গ্রুপের অবস্থানের ফলেই এ সহিংসতা বৃদ্ধি পেয়েছে। ফলে জিয়া হলে যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটতে পারে বলে আশংকা রয়েছে।